

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ২৬ জন শিক্ষার্থীর পুনর্ভর্তির নথিপত্র হারিয়ে ফেলেছে কর্তৃপক্ষ

পটুয়াখালী বিশ্ববিদ্যালয় প্রকৃষ্টি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ও ব্যবস্থাপনা অনুষদের ২৬ জন শিক্ষার্থীর পুনর্ভর্তিসংক্রান্ত (এনরোলমেন্ট) গুরুত্বপূর্ণ নথিপত্র হারিয়ে ফেলেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, প্রতি সেমিস্টারের শুরুতেই শিক্ষার্থীদের নির্ধারিত ভর্তি নিবন্ধন ফরম পূরণ করে একাডেমিক ক্রেডিট চিসহ বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় পাঠনা পরিশোধ করে পরবর্তী সেমিস্টারের ক্লাসে অংশ নিতে হয়; অন্যথায় শিক্ষার্থীদের ক্লাসে অনুপস্থিত দেখানো হয়। ফলে উপস্থিতির জন্য নির্ধারিত ৫ নম্বর হারানোর আশঙ্কায় পাশাপাশি সেমিস্টার সমাপনী পরীক্ষায় অংশ নেওয়ার ক্ষেত্রেও জবাবদিহির প্রয়োজন হয় শিক্ষার্থীদের। ডুপ্লিকেশন ছাত্রের জ্ঞান, এ বছরের তেত্রিশটির শেষ দিকে ভর্তি হওয়ার পাঁচ মাস পর তাঁরা জানতে পারেন, তাঁদের অনেকেই পুনর্ভর্তির নিবন্ধন ফরম হারিয়ে ফেলেছে সর্গস্ত কর্তৃপক্ষ। এদিকে যে ২৬ জন শিক্ষার্থীর পুনর্ভর্তির নথিপত্র হারিয়ে গেছে, অনুষদটির ডিনের কার্যালয় থেকে গত বুধবার তাঁদের একটি তালিকা প্রকাশ করে তাঁদের ক্লাসে উপস্থিতি না দেওয়ার জন্য সর্গস্ত শিক্ষকদের কলা হয়।

শিক্ষার্থীদের অভিযোগ, কর্তৃপক্ষের অকর্মণ্য কারণে প্রতিবারই এ ধরনের অচকা হয়রানির শিকার হতে হয় তাঁদের।

ব্যবসায় প্রশাসন ও ব্যবস্থাপনা অনুষদের শিক্ষার্থী স্ক্রিয়াউর রহমান ও মশিউর রহমান জানান, ওই তালিকা প্রকাশের পর ক্লাস বাদ

দিয়ে ভর্তি নিশ্চিতকরণের জন্য উপযুক্ত কাগজপত্র সংগ্রহ করতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরে তাঁদের দুই দিন ঘুরতে হয়েছে। ওই অনুষদের ডিন কার্যালয় সূত্রে জানা গেছে, আনুমানিক ইম কর্তৃপক্ষের অকর্মণ্য কারণে প্রায়ই এ সমস্যাটির সৃষ্টি হচ্ছে।

ব্যবসায় প্রশাসন ও ব্যবস্থাপনা অনুষদের ডিন অধ্যাপক সুলতান আহমেদ বলেন ওই ২৬ জন ছাত্রের পুনর্ভর্তিসংক্রান্ত কাগজপত্র তাঁরা পাননি বলে ওই তালিকা দেওয়া হয়েছে।

এ স্বাপারে রেজিস্ট্রার আবু হায়দার জানান, বিষয়টি তাঁর অজানা। তবে অবশ্যই এ ধরনের ঘটনার পুনরাবর্তি হবে না বলে তিনি জানান।